# কুতুবদিয়া উপজেলা পরিষদ

জেলাঃ কক্সবাজার

www.kutubdia.coxsbazar.gov.bd

শেখ হাসিনার দর্শন
বাংলাদেশের উন্নয়ন

## কুতুবদিয়া উপজেলা পরিষদের সেপ্টেম্বর/২০২১ মাসের সাধারণ সভার কার্যবিবরণী

| | |
|---|---|
| সভাপতি | ঃ জনাব মোঃ ফরিদুল ইসলাম চৌধুরী<br>চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কুতুবদিয়া, কক্সবাজার। |
| সভার তারিখ | ঃ ৩০/০৯/২০২১ খ্রিষ্টাব্দ। |
| সময় | ঃ সকাল- ১১.০০ টা। |
| স্থান | ঃ উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ, কুতুবদিয়া। |
| সভার উপস্থিতি | ঃ পরিশিষ্ট 'ক ও 'খ'-তে দ্রষ্টব্য। |

সভাপতি উপস্থিত জনপ্রতিনিধি ও সরকারী কর্মকর্তাগণকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর সভাপতির অনুমতিক্রমে পরিষদের মুখ্য নির্বাহী কর্মকর্তা ও উপজেলা নির্বাহী অফিসার জনাব মোঃ নুরের জামান চৌধুরী গত ২৫ আগস্ট' ২০২১ তারিখ অনুষ্ঠিত মাসিক সাধারণ সভার কার্যবিবরণী পাঠ করে শুনান। বর্নিত কার্যবিবরণীতে কোনরূপ সংশোধনী না থাকায় উপস্থিত সকলের সম্মতিক্রমে তা দৃঢ়ীকরণ করা হয়।

সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ সর্বসম্মতভাবে গৃহীত হয়ঃ

| ক্রঃ নং | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| ০১ | **উপজেলা প্রকৌশল অফিসঃ**<br>(ক) উপজেলা প্রকৌশলীর প্রতিনিধি সভায় জানান যে, ২০২১-২০২২ অর্থ বছরে উপজেলা পরিষদ উন্নয়ন তহবিলের (এডিপি) আওতায় ১ম কিস্তিতে ২৭.৭৩ লক্ষ টাকার বরাদ্দ পত্র পাওয়া যায়। তৎপ্রেক্ষিতে স্কীম তালিকা দাখিল করার জন্য সংশ্লিষ্ট সকলকে পত্র দেয়া হয়েছে। কিন্তু অদ্যাবধি বড়ঘোপ ও কৈয়ারবিল ইউনিয়নের স্কীম তালিকা পাওয়া যায় নাই। সভায় এবিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। | বিস্তারিত আলোচনান্তে উপজেলা উন্নয়ন সহায়তা তহবিলের আওতায় যথানিয়মে সহসা স্কীম তালিকা দাখিল করার জন্য চেয়ারম্যান, কৈয়ারবিল এবং বড়ঘোপ ইউনিয়নকে অনুরোধ করা হয়। | উপজেলা প্রকৌশলী, এলজিইডি কুতুবদিয়া |
| | (খ) উপজেলা প্রকৌশলীর প্রতিনিধি জানান, উপজেলা নির্বাহী অফিসারের বাসভবন ও শারীরিক নিরাপত্তায় নিয়োজিত আনসার সদস্যদের ব্যারাক নির্মাণ কাজের টেন্ডার আহ্বান করা হয়েছে এবং উপজেলা পরিষদ চত্বরে "বঙ্গবন্ধু শেখ মুজিব" ম্যুরাল নির্মাণ কাজের কোটেশন প্রক্রিয়াধীন রয়েছে। এবিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | বিস্তারিত আলোচনান্তে উপজেলা নির্বাহী অফিসারের বাসভবন ও শারীরিক নিরাপত্তায় নিয়োজিত আনসার সদস্যদের ব্যারাক নির্মাণ কাজ এবং উপজেলা পরিষদ চত্বরে "বঙ্গবন্ধু শেখ মুজিব" ম্যুরাল নির্মাণ কাজ দ্রুত বাস্তবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলী'কে অনুরোধ করা হয়। | উপজেলা প্রকৌশলী, এলজিইডি কুতুবদিয়া |
| ০২ | **উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসঃ**<br>উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা জানান , কাবিখা ও টিআর খাতে ১ম কিস্তির বরাদ্দ পাওয়া গেছে। অতিদরিদ্রদের জন্য কর্মসংস্থান কর্মসূচী (ইজিপিপি)আওতায় ৩৬৭০জন শ্রমিকের নাম ইউনিয়নওয়ারী বিভাজন করা হয়েছে। সুশীলন সংস্থাকে কনসালটেন্ট নিয়োগ করা হয়েছে। সুশীলন কর্তৃক তদন্ত শেষে তালিকা দাখিল করলে তা চুড়ান্ত অনুমোদনের জন্য জেলায় প্রেরণ করা হবে। বড়ঘোপ ইউনিয়নের ১টি মুজিব কিল্লার কাজ চলমান রয়েছে এবং লেমশীখালী ইউনিয়নে ১টি মুজিব কিল্লা টেন্ডারের প্রক্রিয়াধীন আছে। ২০১৯-২০২০অর্থ বছরে "গ্রামীণ মাটির রাস্তাসমূহ টেকসই করণের লক্ষ্যে হেরিং বোন বন্ড (এইচবিবি) করণ (২য় পর্যায়)" শীর্ষক প্রকল্পের আওতায় উত্তর ধুরুং ইউনিয়নের কালারমার পাড়া সড়ক হতে বদনের বাড়ির উত্তরে জাকের উল্লাহ বাড়ি পর্যন্ত সড়ক এইচবিবি দ্বারা উন্নয়ন (১০০০মিটার) কাজ বাস্তবায়ন করা হয়। কিন্তু গত ২৫/০৫/২০২১ইং তারিখে ঘূর্নিঝড় 'ইয়াস' এর প্রভাবে বেড়ীবাধ ভেঙ্গে দ্বীপে অভ্যান্তরে সমুদ্রের লবনাক্ত পানি প্রবেশ করে বর্ণিত রাস্তা ক্ষতিগ্রস্থ হয়। এবিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | ক) বিস্তারিত আলোচনান্তে জনস্বার্থে বিভাগীয় কার্যক্রম পরিচালনার জন্য উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তাকে অনুরোধ করা হয়।<br><br>খ) উত্তর ধুরুং ইউনিয়নের কালারমার পাড়া সড়ক হতে বদনের বাড়ির উত্তরে জাকের উল্লাহ বাড়ি পর্যন্ত সড়ক এইচবিবি দ্বারা উন্নয়নকৃত (১০০০মিটার) রাস্তাটি ঘূর্নিঝড় 'ইয়াস' এর কারণে ক্ষতিগ্রস্থ হওয়ার বিষয়টি উর্ধ্বতন কর্তৃপক্ষের বরাবর অবহিত করার জন্য উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা'কে অনুরোধ করা হয়। | ক-খ) উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, কুতুবদিয়া |

CamScanner

| | | | |
|---|---|---|---|
| ০৩ | **উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ অফিসঃ-**<br>উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা জানান, তিনি আগষ্ট/২০২১ মাসের প্রতিবেদন পেশ করেন: শিশুটিকা- ৪২৯,হার- ১১৯%, পেন্টা ১ম ডোজ- ৪২৭, অর্জিত হার- ১১৯%, পেন্টা ২য় ডোজ- ৩৮৯, অর্জিত হার- ১০৮%, পেন্টা ৩য় ডোজ- ৩৮৬, অর্জিত হার- ১০৮%, হাম অর্জিত সংখ্যা- ৩৬৭, অর্জিত হার- ১০১%, বর্হিঃবিভাগের মোট রোগী- ৩৮৩৪ জন (পুরুষ- ১৩০০, মহিলা- ১২৭৮, শিশু- ১২৫৬), অন্তঃবিভাগে ভর্তি রোগী- ১৫০২জন (পুরুষ- ১৮৭, মহিলা- ৩৬৭, শিশু- ৯৪৮), জরুরী বিভাগ- ১৭৮জন (পুরুষ- ৫৬, মহিলা- ৭৮, শিশু- ৪৪) শয্যা ব্যবহারের হার: ৯৭%, হাসপাতালে মৃত রোগী-০১জন, প্রসব পূর্ব চেক আপ: ৩৩২ জন, নিরাপদ প্রসব- ৪৮টি, প্রসব পরবর্তী চেকআপ-১৩২টি, মোবাইল সেবা- ২১৫জন, মাইনর সার্জারী- ২৪৫জন, স্বাস্থ্য শিক্ষা কার্যক্রম- হাসপাতাল সভা- ৭টি (পুরুষ- ৩৪৫, মহিলা- ৪৩০), কমিউনিটি ক্লিনিকে সেবা প্রাপ্ত রোগীর সংখ্যা: ৬৯৩২জন। কোভিড-১৯ টিকাদানের জন্য রেজিষ্ট্রেশন- ৪৩,১৪৫জন। কোভিড-১৯ টিকা প্রদানের তথ্য ২৯/০৯/২০২১ইং তারিখ পর্যন্ত: (১) ১ম ডোজ টিকা প্রদান- ৩০,২৮২জন ও ২য় ডোজ টিকা প্রদান-১০,১৪৮জন। সারাদেশে ১০% লোক দ্বিতীয় ডোজ সম্পন্ন করেছে। হাসপাতালে করোনা টিকা কার্যক্রম চলমান রয়েছে। এবিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | বিস্তারিত আলোচনান্তে হাসপাতালে চিকিৎসা সেবার মান বৃদ্ধির ধারাবাহিকতা বজায় রাখার জন্য উপজেলা স্বাস্থ্য ও পঃপঃ কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, কুতুবদিয়া |
| ০৪ | **উপজেলা কৃষি অফিসঃ**<br>উপজেলা কৃষি কর্মকতার প্রতিনিধি জানান, খরিপ মৌসুমে উপজেলায় ৫৬৭০ মেঃ টন চাউল আবাদ হয়েছে। ১২টি সব্জি প্রদর্শনী করা হয়েছে। এছাড়াও দাপ্তরিক অন্যান্য কার্যক্রম স্বাভাবিক রয়েছে। এবিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | বিস্তারিত আলোচনান্তে জনস্বার্থে বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা অব্যাহত রাখার জন্য উপজেলা কৃষি কর্মকর্তা, কুতুবদিয়া' কে অনুরোধ করা হয়। | উপজেলা কৃষি কর্মকর্তা, কুতুবদিয়া |
| ০৫ | **উপজেলা মৎস্য অফিসঃ**<br>উপজেলা মৎস্য কর্মকর্তার প্রতিনিধি জানান, আগামী ০৪ অক্টোবর থেকে ২৫ অক্টোবর পর্যন্ত ২২ দিন সারাদেশে ইলিশ আহরণ বন্ধ থাকবে। এছাড়াও দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক রয়েছে মর্মে জানান। | বিস্তারিত আলোচনান্তে জনস্বার্থে বিভাগীয় কার্যক্রম পরিচালনার জন্য উপজেলা মৎস্য কর্মকর্তাকে অনুরোধ জানানো হয়। | উপজেলা মৎস্য কর্মকর্তা, কুতুবদিয়া |
| ০৬ | **উপজেলা প্রাণি সম্পদ অফিসঃ**<br>উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা জানান, মহিষ উন্নয়ন/সংরক্ষণ প্রকল্পের আওতায় ৬টি নলকূপ স্থাপন করা হবে। এবিষয়ে একটি কমিটি গঠনের নির্দেশনা রয়েছে। এছাড়াও দাপ্তরিক অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলমান রয়েছে। | বিস্তারিত আলোচনান্তে জনস্বার্থে বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা অব্যহত জন্য উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা, কুতুবদিয়া'কে অনুরোধ করা হয়। | উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা, কুতুবদিয়া |
| ০৭ | **উপজেলা সমাজ সেবা অফিসঃ**<br>উপজেলা সমাজসেবা কর্মকর্তার প্রতিনিধি জানান, অনলাইনে ভাতাভোগীর তথ্য ১০০% শুদ্ধ করার কাজ চলমান রয়েছে। এছাড়াও দাপ্তরিক অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে পরিচালিত হচ্ছে। | বিস্তারিত আলোচনান্তে জনস্বার্থে বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা অব্যহত রাখার জন্য উপজেলা সমাজসেবা কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা সমাজসেবা কর্মকর্তা, কুতুবদিয়া |
| ০৮ | **উপজেলা শিক্ষা অফিসঃ**<br>উপজেলা শিক্ষা কর্মকর্তা জানান, প্রায় দেড় বছর পর ১২ সেপ্টেম্বর থেকে শ্রেণি কার্যক্রম শুরু করা হয়েছে। এনসিটিবি কর্তৃক প্রকাশিত ক্লাস রুটিন অনুসারে পাঠদান অব্যহত রয়েছে। শিক্ষার্থীর উপস্থিতির হার প্রায় ৭০%। নিয়মিত স্কুল পরিদর্শন করা হচ্ছে। বর্ণিত বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | বিস্তারিত আলোচনান্তে স্বাস্থ্যবিধি মেনে বিদ্যালয়ে পাঠদান কার্যক্রম পরিচালনার ব্যবস্থা গ্রহণ এবং বিদ্যালয় পরিদর্শন অব্যাহত রাখার জন্য উপজেলা শিক্ষা কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা শিক্ষা কর্মকর্তা, কুতুবদিয়া |
| ০৯ | **পরিবার পরিকল্পনা অফিসঃ**<br>উপজেলা পরিবার পরিকল্পনা অফিসের দাখিলকৃত আগস্ট/২০২১ মাসের অগ্রগতি প্রতিবেদনঃ মোট সক্ষম দম্পতি- ২৪,৫৩৭, পদ্ধতি গ্রহীতা- ১৮,৯৮২ (খাবার বড়ি- ৭৮২৯, কনডম-৭৭৩, ইনজেকশন- ৩৩৫, আইইউডি- ৩৬২ (চলতি মাসে-০১জন), ইমপ্লানন-২৪৪৩ (চলতি মাসে- ৪৫জন), স্থায়ীপদ্ধতি (পুরুষ-২৮৬, চলতি মাসে-০০জন)(মহিলা- ৬৩৫,চলতি মাসে-০০জন), সিএআর-৭৭.৩৬%, নিবন্ধিত মোট গর্ভবর্তীর সংখ্যা- ৬১২, সাধারণ রোগীর সেবা- ৯৯৩ (পুরুষ- ১০২,মহিলা-৮৯১), গর্ভকালীন সেবা- ১০১৩, গর্ভোত্তর সেবা-২৪৫, জীবিত জন্মের সংখ্যা মোট-৭৭ (প্রশিক্ষণ প্রাপ্ত ব্যক্তি দ্বারা- ৩৩, প্রশিক্ষণবিহীন ব্যক্তিদ্বারা- ৪৪), শিশু সেবা (০-৫)- ১৯৭, ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রে স্বাভাবিক প্রসব-৩৩টি। এছাড়াও দাপ্তরিক অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে পরিচালিত হচ্ছে মর্মে উপস্থিত কর্মকর্তার প্রতিনিধি জানান । | জনস্বার্থে বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা অব্যাহত রাখার জন্য উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, কুতুবদিয়া |
| ১০ | **উপজেলা পল্লী উন্নয়ন অফিসঃ**<br>উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তার প্রতিনিধি জানান, বিগত ৩ মাসে ১৩.১৫ লক্ষ টাকার ঋণ বিতরণ করা হয়েছে। এছাড়াও দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক ভাবে পরিচালিত হচ্ছে। | জনস্বার্থে বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা অব্যাহত রাখার জন্য উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, কুতুবদিয়া |

CS CamScanner

| | | | |
|---|---|---|---|
| ১১ | <u>উপজেলা সমবায় অফিসঃ</u><br>উপজেলা সমবায় কর্মকর্তা সভায় অনুপস্থিত থাকায় তাঁর বিভাগীয় কার্যক্রম সম্পর্কে বিস্তারিত ভাবে জানা যায়নি। | মাসিক সভায় নিয়মিত উপস্থিত থেকে বিভাগীয় কার্যক্রম সম্পর্কে সভাকে অবহিত করার জন্য উপজেলা সমবায় কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা সমবায় কর্মকর্তা, কুতুবদিয়া |
| ১২ | <u>উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশল অফিসঃ</u><br>উপ-সহকারী প্রকৌশলীর (জনস্বাস্থ্য) প্রতিনিধি তাঁর দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালিত হচ্ছে মর্মে সভাকে অবহিত করেন। | বিস্তারিত আলোচনান্তে জনস্বার্থে বিভাগীয় কার্যক্রম পরিচালনার জন্য উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) কে অনুরোধ করা হয়। | উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), কুতুবদিয়া |
| ১৩ | <u>উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসঃ</u><br>উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা জানান, দীর্ঘ ১৭ মাস পর মাধ্যমিক স্কুল ও মাদ্রাসা চালু করা হয়েছে। শিক্ষার্থীর উপস্থিতির হার প্রায় ৬৫%। এছাড়াও দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক রয়েছে মর্মে সভাকে অবহিত করেন। বর্ণিত বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | বিস্তারিত আলোচনান্তে সকল শিক্ষা প্রতিষ্ঠানে যথানিয়মে শ্রেণি কার্যক্রম পরিচালনা করার এবং শ্রেণীকক্ষ, আঙ্গিনা, আসবাবপত্র ও ল্যাবসমূহ রক্ষণাবেক্ষনসহ পরিষ্কার-পরিচ্ছন্ন রাখার বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার'কে অনুরোধ করা হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, কুতুবদিয়া |
| ১৪ | <u>উপজেলা রেঞ্জ অফিসঃ</u><br>উপজেলা রেঞ্জ কর্মকর্তা জানান, উত্তর ধুরুং ইউনিয়নের চর ধুরুং অংশে সৃজিত বাগানে রি-প্লানটেশন এর মাধ্যমে চারা রোপন করা হবে। এছাড়াও তাঁর বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে পরিচালিত হচ্ছে মর্মে সভাকে অবহিত করেন। বর্ণিত বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | বিস্তারিত আলোচনান্তে জনস্বার্থে বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা অব্যাহত রাখারসহ বেড়ীবাধের বাহিরে বনায়ন উপযোগী জায়গায় নতুন বাগান সৃজনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য উপজেলা রেঞ্জ কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা রেঞ্জ কর্মকর্তা, কুতুবদিয়া |
| ১৫ | <u>উপজেলা মহিলা বিষয়ক অফিসঃ</u><br>উপজেলা মহিলা বিষয়ক কর্মকতা সভায় অনুপস্থিত থাকায় তাঁর দাপ্তরিক কার্যক্রম সম্পর্কে জানা যায়নি। | মাসিক সভায় নিয়মিত উপস্থিত থেকে বিভাগীয় কার্যক্রম সম্পর্কে সভাকে অবহিত করার জন্য উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা কুতুবদিয়া |
| ১৬ | <u>উপজেলা যুব উন্নয়ন অফিস ঃ</u><br>উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার প্রতিনিধি, তাঁর দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক ভাবে পরিচালিত হচ্ছে মর্মে সভাকে অবহিত করেন। | বিস্তারিত আলোচনান্তে জনস্বার্থে বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা অব্যাহত রাখার জন্য উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, কুতুবদিয়া' কে অনুরোধ করা হয়। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, কুতুবদিয়া |
| ১৭ | <u>উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের অফিস ঃ</u><br>উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, কুতুবদিয়ার প্রতিনিধি তার দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক রয়েছে মর্মে সভাকে অবহিত করেন। | বিস্তারিত আলোচনান্তে জনস্বার্থে বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা অব্যাহত রাখারসহ পর্যাপ্ত খাদ্য শস্য মওজুদ রাখার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, বড়ঘোপ খাদ্য গুদাম, কুতুবদিয়া'কে অনুরোধ করা হয়। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, কুতুবদিয়া |
| ১৮. | <u>বিদ্যুৎ উন্নয়ন বোর্ড (বিউবো)ঃ</u><br>আবাসিক প্রকৌশলী, বিউবো, কুতুবদিয়া সভায় অনুপস্থিত থাকায় তাঁর দাপ্তরিক কার্যক্রম সম্পর্কে জানা যায়নি। | মাসিক সভায় নিয়মিত উপস্থিত থেকে বিভাগীয় কার্যক্রম সম্পর্কে সভাকে অবহিত করার জন্য আবাসিক প্রকৌশলী, বিউবো, কুতুবদিয়া'কে অনুরোধ করা হয়। | আবাসিক প্রকৌশলী, বিউবো, কুতুবদিয়া |
| ১৯. | <u>বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (বাপাউবো)ঃ</u><br>উপ-বিভাগীয় প্রকৌশলী, বাপাউবো, কুতুবদিয়া সভায় অনুপস্থিত থাকায় তাঁর দাপ্তরিক কার্যক্রম সম্পর্কে জানা যায়নি। | মাসিক সভায় নিয়মিত উপস্থিত থেকে বিভাগীয় কার্যক্রম সম্পর্কে সভাকে অবহিত করার জন্য উপ-বিভাগীয় প্রকৌশলী, বাপাউবো, কুতুবদিয়া' কে অনুরোধ করা হয়। | উপ-বিভাগীয় প্রকৌশলী, বাপাউবো, কুতুবদিয়া |
| ২০. | <u>ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক ঃ</u><br>ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, কুতুবদিয়া তাঁর দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক ভাবে পরিচালিত হচ্ছে মর্মে সভাকে অবহিত করেন। | বিস্তারিত আলোচনান্তে জনস্বার্থে বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা অব্যাহত রাখার জন্য ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, কুতুবদিয়া' কে অনুরোধ করা হয়। | ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, কুতুবদিয়া |
| ২১. | <u>তথ্য আপা প্রকল্পঃ</u><br>"তথ্য আপা" গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের উদ্যোগে, ডিজিটাল বাংলাদেশ গড়ার লক্ষ্যে তথ্য যোগাযোগ প্রযুক্তির মাধ্যমে মহিলাদের ক্ষমতায়নের একটি প্রকল্প, যা মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের অধীনে জাতীয় মহিলা সংস্থা কর্তৃক বাস্তবায়িত হচ্ছে। তথ্য আপা প্রকল্পের আওতায় মহিলাদের জন্য ৬টি বিষয়ে সম্পূর্ণ বিনামুল্যে সেবা প্রদান করা হয়। যেমনঃ স্বাস্থ্য, শিক্ষা, কৃষি, ব্যবসা, আইনী সহায়তা এবং জেন্ডার। এছাড়াও তথ্যকেন্দ্র হতে প্রত্যাশিদেরকে সেবা প্রদান, তৃণমুল পর্যায়ে নারীদের বাড়িতে বাড়িতে গিয়ে ডোর টু ডোর প্রদ্ধতিতে সেবা প্রদান এবং উঠান বৈঠকের মাধ্যমে মুক্ত আলোচনা ও সচেতনতামুলক কার্যক্রম পরিচালনা করা হয়। এবিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | বিস্তারিত আলোচনান্তে তথ্য আপা প্রকল্পের কার্যক্রম সম্পর্কে জনসাধারণকে ব্যাপক ভাবে অবহিত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এবং প্রকল্পের কাজ যথাযথভাবে বাস্তবায়নের জন্য তথ্যসেবা কর্মকর্তা, তথ্য কেন্দ্র, তথ্য আপা প্রকল্প, কুতুবদিয়াকে অনুরোধ করা হয়। | তথ্যসেবা কর্মকর্তা, তথ্য কেন্দ্র, কুতুবদিয়া |

CS CamScanner

| | | | |
|---|---|---|---|
| ২২ | **উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পঃ**<br>উপজেলায় দায়িত্বরত ইউডিএফ জানান, ২০২০-২১ অর্থ বছরে ৫ম পর্যায়ের বরাদ্দ প্রাপ্ত ৫০ লক্ষ টাকা হতে প্রশিক্ষণ বাবদ ১০ লক্ষ টাকার বিপরীতে গৃহীত ৬টি প্রকল্প , যথা-(১) আত্মকর্ম সংস্থানের লক্ষ্যে ইলেকট্রিক্যাল হাউজওয়ারিং বিষয়ে দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ=১,৫৯,৭২০/- (২) ফ্রি-ল্যান্সিং/ আউটসোর্সিং এর মাধ্যমে বেকার যুবক ও যুব নারীদের সক্ষমতা বৃদ্ধিমুলক প্রশিক্ষণ=১,৬০,৭০০/- (৩) প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকদের সৃজনশীল (গণিত) বিষয় ভিত্তিক দক্ষতা উন্নয়ন বিষয়ক প্রশিক্ষণ= ১,৮৮,৪৮০/- (৪) ইংরেজী শিক্ষার মানোন্নয়ন এর লক্ষ্যে মাধ্যমিক পর্যায়ে ইংরেজী বিষয়ের শিক্ষকবৃন্দের পেশাগত দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ= ১,৮৩,৬০০/- (৫) প্রান্তিক চাষীদেরকে ভার্মি কম্পোষ্ট (কেঁচো সার) উৎপাদন বিষয়ক প্রশিক্ষণ=১,৪৮,৭০০/- (৬) সৌর পদ্ধতিতে লবণ চাষের (শিল্পের) উন্নয়ন ও সম্প্রসারনের লক্ষ্যে লবণ চাষীদের সক্ষমতা বৃদ্ধি মুলক প্রশিক্ষণ= ১,৫৮,৮০০/-টাকার প্রাক্কলন সভায় উপস্থাপন করেন এবং গত মাসের মাসিক সভার সিদ্ধান্ত মোতাবেক উন্নয়ন বাবদ ৪০ লক্ষ টাকার বিপরীতে উত্তর ধুরুং গাউছিয়া আদর্শ দাখিল মাদ্রাসার শ্রেণি কক্ষ নির্মাণ ও আসবাবপত্র সরবরাহ কাজের প্রাক্কলন প্রস্তুত করতঃ সভায় উপস্থাপন করেন। এবিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | (২২/ক) সরকারি লক্ষ্য ও উদ্দেশ্যে যথাযথ বাস্তবায়নের স্বার্থে সংশ্লিষ্ট সকলকে যথাযথভাবে দায়িত্ব পালনের জন্য অনুরোধ করা হয়।<br><br>২২/খ) ৫ম পর্যায়ের ৫০ লক্ষ টাকা হতে প্রশিক্ষণ বাবদ ১০ লক্ষ টাকার বিপরীতে গৃহীত ৬টি উপ-প্রকল্পের অনুকুলে উপস্থাপিত প্রাক্কলন সমূহ এবং অবকাঠামো উন্নয়ন খাতে ৪০ লক্ষ টাকার বিপরীতে উত্তর ধুরুং গাউছিয়া আদর্শ দাখিল মাদ্রাসার শ্রেণি কক্ষ নির্মাণ ও আসবাবপত্র সরবরাহ কাজের প্রাক্কলন সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয়। বর্নিত উপ-প্রকল্প সমূহের অনুকুলে প্রয়োজনীয় অর্থ ছাড় করার নিমিত্বে প্রকল্প পরিচালক, উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প, ঢাকা বরাবর প্রেরণ করার জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ করা হয়। | ২২/ক) সংশ্লিষ্ট সকল<br><br>২২/খ) উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা প্রকৌশলী, এলজিইডি,কুতুবদিয়া / ইউডিএফ, ইউজিডিপি, কুতুবদিয়া |
| ২৩ | **উপজেলা পরিষদঃ**<br>**ক) উপজেলা পরিষদের মালিকানাধীন জায়গায় মার্কেট নির্মানঃ**<br>উপজেলা নির্বাহী অফিসার জানান, কুতুবদিয়া উপজেলা পরিষদের মালিকানাধীন জায়গায় দোকান ঘর/বাণিজ্যিক মার্কেট নির্মাণের প্রশাসনিক অনুমোদের জন্য পত্র প্রেরণের প্রেক্ষিতে স্থানীয় সরকার বিভাগ, উপজেলা-২শাখা স্মারক নং-৪৬.০৪৫.০১৮.০২. ৩৫.০৩৫. ১১-১৮২ তারিখঃ ২১/০৩/২০২১ইং মূলে মার্কেটের ডিজাইন ও প্রাক্কলনসহ পুনঃপ্রস্তাব প্রেরণের নির্দেশনা প্রদান করা হয়। এবিষয়ে উপজেলা প্রকৌশলী, এলজিইডি'র প্রতিনিধি কর্তৃক মার্কেটের ডিজাইন ও কারিগরি প্রতিবেদন সভায় উপস্থাপন করেন। | ক) বিস্তারিত আলোচনান্তে, কুতুবদিয়া উপজেলা পরিষদের মালিকানাধীন জায়গায় দোকান ঘর/বাণিজ্যিক মার্কেট নির্মাণের নিমিত্তে উপস্থাপিত কারিগরি প্রতিবেদন, মার্কেটের ডিজাইন সভায় অনুমোদন করা হয় এবং প্রাক্কলনসহ চুড়ান্ত প্রতিবেদন আগামী সভায় উপস্থাপনের জন্য উপজেলা প্রকৌশলী, এলজিইডি'কে অনুরোধ করা হয়। | ক) উপজেলা প্রকৌশলী, এলজিইডি, কুতুবদিয়া |
| | **খ) বাসা বরাদ্দ কমিটিতে সদস্য মনোনয়ন প্রসঙ্গেঃ**<br>উপজেলা প্রকৌশলী, এলজিইডির প্রতিনিধি জানান, উপজেলা পরিষদের বাসভবনসমূহ বরাদ্দের লক্ষ্যে "উপজেলা পরিষদ বাসা বরাদ্দ কমিটি" গঠন বা পুনঃ গঠনের জন্য স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, উপজেলা-০১শাখার স্মারক নং-স্থাসবি/উপ-১/সি-৪/২০০৯/৪৪৬ তারিখঃ ১১/১১/২০১০খ্রিঃ মূলে জারীকৃত পত্রের নিদের্শনামতে উপজেলা পরিষদ বাসা বরাদ্দ কমিটিতে পরিষদের ভাইস চেয়ারম্যানদ্বয়ের মধ্য থেকে একজন সদস্য (উপজেলা চেয়ারম্যান কর্তৃক মনোনীত) নির্বাচন করা প্রয়োজন। এবিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | খ) বিস্তারিত আলোচনান্তে উপজেলা চেয়ারম্যানের মনোনীত সদস্য হিসেবে জনাব হাছিনা আকতার, মহিলা ভাইস চেয়ারম্যান'কে উপজেলা পরিষদ বাসা বরাদ্দ কমিটিতে সদস্য অন্তর্ভুক্ত করার সিদ্ধান্ত গৃহীত হয় এবং উপজেলা পরিষদ নিয়ন্ত্রনাধীন আবাসিক ভবনে অবস্থানরত কর্মকর্তা/ কর্মচারীদের নিকট থেকে নিয়মিত ভাড়া আদায়ের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | খ) উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা প্রকৌশলী,এলজিইডি কুতুবদিয়া |
| ২৪. | **বিবিধঃ-মাসিক সভায় উপস্থিতি নিশ্চিত করণ প্রসঙ্গেঃ**<br>উপজেলা নির্বাহী অফিসার জানান, সকল দপ্তরের কার্যক্রম মাসিক সভায় তুলে ধরাসহ সংশ্লিষ্ট দপ্তরের কর্মকর্তাদের উপস্থিতি শতভাগ নিশ্চিত করা প্রয়োজন। কিন্তু অনেকে বিভিন্ন অজুহাতে মাসিক সভায় অনুপস্থিত থাকে। যা মোটেও কাম্য নয়। এছাড়াও কোন কর্মকর্তা ছুটিতে গেলে তা পরিষদকে অবহিত করতে হবে। এবিষয়ে উপস্থিত সকলে একমত পোষন করেন। | বিস্তারিত আলোচনান্তে, উপজেলা পরিষদের মাসিক সমন্বয় সভা সহ যে কোন গুরুত্বপূর্ণ সভায় সকল দপ্তরের কর্মকর্তাদের উপস্থিতি নিশ্চিত করার এবং কোন কর্মকর্তা ছুটি থাকলে পরিষদকে অবহিত করার জন্য অনুরোধ করা হয়। | সংশ্লিষ্ট দপ্তর প্রধানগণ |

অতঃপর, মাসিক সভার গৃহীত সিদ্ধান্ত সমূহ যথাযথভাবে বাস্তবায়নের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানিয়ে এবং সকলের সু-স্বাস্থ্য কামনা করে সভাপতি মহোদয় সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোঃ ফরিদুল ইসলাম চৌধুরী)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
ও
সভাপতি
উপজেলা পরিষদ মাসিক সাধারণ সভা
কুতুবদিয়া, কক্সবাজার।

CS CamScanner

স্মারক নং- ৪৬.৪২.২২৪৫.০০০.০৬.০০১.২০২১- ৩৬,

তারিখঃ ৩০/০৯/২০২১খ্রিঃ

অনুলিপিঃ সদয় অবগতির জন্যঃ-

০১। মাননীয় সংসদ সদস্য, ২৯৫, কক্সবাজার-২ সংসদীয় আসন, কক্সবাজার
০২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০৩। বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।
০৪। জেলা প্রশাসক, কক্সবাজার

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্যঃ-

১। জনাব মোঃ ফরিদুল ইসলাম চৌধূরী, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কুতুবদিয়া
২। সহকারী কমিশনার (ভূমি), কুতুবদিয়া, কক্সবাজার।
৩। জনাব হুমায়ুন কবির হায়দার, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কুতুবদিয়া
৪। জনাবা হাছিনা আকতার, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কুতুবদিয়া
৫। চেয়ারম্যান (সকল), উত্তর ধূরুং/দক্ষিণ ধূরুং/লেমশীখালী/কৈয়ারবিল/বড়ঘোপ/আলী আকবর ডেইল ইউপি, কুতুবদিয়া
৬। উপজেলা........................................................ অফিসার(সকল), কুতুবদিয়া
৭। সংরক্ষিত মহিলা সদস্য, আসন-১/আসন-২, উপজেলা পরিষদ, কুতুবদিয়া, কক্সবাজার।
৮। জনাব.............................................................. কুতুবদিয়া, কক্সবাজার
৯। সংরক্ষণ নথি।

৩০/০৯/২১

(মোঃ নুরের জামান চৌধুরী)
উপজেলা নির্বাহী অফিসার
ও
মুখ্য নির্বাহী কর্মকর্তা
উপজেলা পরিষদ
কুতুবদিয়া, কক্সবাজার

CamScanner

"উপজেলা পরিষদের ৩০/০৯/২০২১ ইং তারিখের মাসিক সভায় উপস্থিতি"

| পরিশিষ্ট- "ক" | | | |
|---|---|---|---|
| ক্রঃ নংঃ | সভায় উপস্থিত সদস্যগণের তালিকা | ক্রঃ নংঃ | সভায় উপস্থিত হস্তান্তরিত দপ্তরের কর্মকর্তাগণের তালিকা |
| ০১ | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কুতুবদিয়া | ০১ | উপজেলা নির্বাহী অফিসার, কুতুবদিয়া |
| ০২ | ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কুতুবদিয়া | ০২ | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, কুতুবদিয়া |
| ০৩ | মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কুতুবদিয়া | ০৩ | উপজেলা কৃষি কর্মকর্তা, কুতুবদিয়ার প্রতিনিধি |
| ০৪ | চেয়ারম্যান, উত্তর ধূরুং ইউনিয়ন পরিষদ, কুতুবদিয়া | ০৪ | উপজেলা মৎস্য কর্মকর্তা, কুতুবদিয়ার প্রতিনিধি |
| ০৫ | চেয়ারম্যান, লেমশীখালী ইউনিয়ন পরিষদ, কুতুবদিয়া | ০৫ | উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা, কুতুবদিয়া |
| ০৬ | চেয়ারম্যান, কৈয়ারবিল ইউনিয়ন পরিষদ, কুতুবদিয়ার প্রতিনিধি | ০৬ | উপজেলা প্রকৌশলী (এল.জি.ই.ডি.),কুতুবদিয়ার প্রতিনিধি |
| ০৭ | চেয়ারম্যান, বড়ঘোপ ইউনিয়ন পরিষদ, কুতুবদিয়া | ০৭ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, কুতুবদিয়া |
| ০৮ | চেয়ারম্যান, আলী আকবর ডেইল ইউপি, কুতুবদিয়া | ০৮ | উপজেলা সমাজ সেবা কর্মকর্তা, কুতুবদিয়ার প্রতিনিধি |
| - | | ০৯ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, কুতুবদিয়ার প্রতিনিধি |
| - | | ১০ | উপজেলা শিক্ষা কর্মকর্তা, কুতুবদিয়া |
| - | | ১১ | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, কুতুবদিয়া |
| - | | ১২ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, কুতুবদিয়ার প্রতিনিধি |
| - | | ১৩ | উপ-সহকারী প্রকৌশলী(জনস্বাস্থ্য), কুতুবদিয়ার প্রতিনিধি |
| - | | ১৪ | উপজেলা রেঞ্জ কর্মকর্তা, উপকূলীয় বন বিভাগ, কুতুবদিয়া |
| - | | ১৫ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, কুতুবদিয়ার প্রতিনিধি |
| পরিশিষ্ট- "ক" (২) | | | |
| ক্রঃ নংঃ | সভায় উপস্থিত আমন্ত্রিত গন্যমান্য ব্যক্তির তালিকা | ক্রঃ নংঃ | সভায় উপস্থিত আমন্ত্রিত কর্মকর্তাগণের তালিকা |
| - | | ০১ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, কুতুবদিয়া |
| - | | ০২ | ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, কুতুবদিয়া |
| - | | ০৩ | তথ্যসেবা কর্মকর্তা, তথ্য কেন্দ্র, কুতুবদিয়ার প্রতিনিধি |
| - | | ০৪ | ইউডিএফ, উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প, কুতুবদিয়া |

| পরিশিষ্ট- "খ" | | | |
|---|---|---|---|
| ক্রঃ নংঃ | সভায় অনুপস্থিত সদস্যগণের তালিকা | ক্রঃ নংঃ | সভায় অনুপস্থিত হস্তান্তরিত দপ্তরের কর্মকর্তাগণের তালিকা |
| ০১ | চেয়ারম্যান, দক্ষিণ ধূরুং ইউনিয়ন পরিষদ, কুতুবদিয়া | ০১ | উপজেলা সমবায় কর্মকর্তা, কুতুবদিয়া |
| - | | ০২ | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, কুতুবদিয়া |
| পরিশিষ্ট- "খ"(২) | | | |
| ক্রঃ নংঃ | সভায় অনুপস্থিত আমন্ত্রিত গন্যমান্য ব্যক্তির তালিকা | ক্রঃ নংঃ | সভায় অনুপস্থিত আমন্ত্রিত কর্মকর্তাগণের তালিকা |
| - | | ০১ | আবাসিক প্রকৌশলী, বিউবো,কুতুবদিয়া |
| - | | ০২ | উপ-বিভাগীয় প্রকৌশলী, পাউবো, কুতুবদিয়ার প্রতিনিধি |
| - | | ০৩ | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, কুতুবদিয়া |
| - | | ০৪ | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, কুতুবদিয়া |
| - | | ০৫ | উপজেলা পল্লীপ কর্মকর্তা, কুতুবদিয়া |
| - | | ০৬ | সহকারী পরিচালক (সি.পি.পি), কুতুবদিয়া |

CS CamScanner

# সভার তারিখঃ ২১/০৬/২০২১; ২৫/০৮/২০২১; ৩০/০৯/২০২১; ২৮/১০/২০২১; ২৯/১১/২০২১; ২৮/১২/২০২১

মাসিক সভার হাজিরা রেজিস্টার

| ক্রম | নাম ও পদবী | তাং ২১/০৬/২১ | তাং ২৫/০৮/২০২১ | তাং ৩০/০৯/২০২১ | তাং ২৮/১০/২০২১ | তাং ২৯/১১/২০২১ | তাং ২৮/১২/২০২১ |
|---|---|---|---|---|---|---|---|
| ০১ | ভাইস চেয়ারম্যান উপজেলা পরিষদ, কুতুবদিয়া | [illegible] |  | [illegible] | [illegible] | [illegible] | A |
| ০২. | মহিলা ভাইস চেয়ারম্যান উপজেলা পরিষদ, কুতুবদিয়া | [illegible] | X | [illegible] | [illegible] | [illegible] | [illegible] |
| ০৩. | চেয়ারম্যান, উত্তর ধুরুং ইউনিয়ন পরিষদ, কুতুবদিয়া | [illegible] | [illegible] | [illegible] | [illegible] | [illegible] | [illegible] |
| ০৪. | চেয়ারম্যান, দক্ষিণ ধুরুং ইউনিয়ন পরিষদ, কুতুবদিয়া | [illegible] | [illegible] | A | [illegible] | [illegible] | [illegible] |
| ০৫. | চেয়ারম্যান, লেমশীখালী ইউনিয়ন পরিষদ, কুতুবদিয়া | [illegible] 21/06/2021 | [illegible] | [illegible] | [illegible] | [illegible] | [illegible] |
| ০৬. | চেয়ারম্যান, কৈয়ারবিল ইউনিয়ন পরিষদ, কুতুবদিয়া | [illegible] | [illegible] | [illegible] | [illegible] | [illegible] | [illegible] |
| ০৭. | চেয়ারম্যান, বড়ঘোপ ইউনিয়ন পরিষদ, কুতুবদিয়া | [illegible] | [illegible] | [illegible] | [illegible] | [illegible] | [illegible] |
| ০৮. | চেয়ারম্যান, আলী আকবর ডেইল ইউনিয়ন পরিষদ, কুতুবদিয়া | [illegible] | [illegible] | [illegible] | [illegible] | [illegible] | [illegible] |

মাসিক সভার হাজিরা রেজিস্টার

| ক্রম | নাম ও পদবী | তাং ২১/০৬/২১ | তাং ২৫/০৮/২০২১ | তাং ৩০/০৯/২০২১ | তাং ২৮/১০/২০২১ | তাং ২৯/১১/২০২১ | তাং ২৮/১২/২০২১ |
|---|---|---|---|---|---|---|---|
| ০১ | উপজেলা নির্বাহী অফিসার, কুতুবদিয়া | [illegible] | [illegible] | [illegible] | [illegible] | [illegible] | [illegible] |
| ০২. | উপজেলা আনসার ও ভি: ডি: পি: কর্মকর্তা, কুতুবদিয়া | [illegible] | [illegible] | [illegible] | [illegible] | [illegible] | [illegible] |
| ০৩. | উপজেলা কৃষি কর্মকর্তা, কুতুবদিয়া | [illegible] | Fahim | Fahim | Fahim | [illegible] | [illegible] |
| ০৪. | উপজেলা মৎস্য কর্মকর্তা, কুতুবদিয়া | [illegible] 21/06/21 | Nowsad Sakib | Nowsad Sakib | [illegible] | Nowsad Sakib | Nowsad Sakib |
| ০৫. | উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা, কুতুবদিয়া | [illegible] | [illegible] | [illegible] | [illegible] | [illegible] | [illegible] |
| ০৬. | উপজেলা প্রকৌশলী, এলজিইডি, কুতুবদিয়া | Kafil | Kafil | [illegible] S.A.F | Kafil | Kafil | Kafil |
| ০৭. | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, কুতুবদিয়া | [illegible] | [illegible] | [illegible] | [illegible] | [illegible] | [illegible] |
| ০৮. | উপজেলা সমাজসেবা কর্মকর্তা, কুতুবদিয়া | [illegible] | [illegible] |  |  |  |  |
| ০৯. | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, কুতুবদিয়া | [illegible] | A | [illegible] 30.09.21 | [illegible] 28.10.21 | [illegible] | [illegible] |
| ১০. | উপজেলা শিক্ষা কর্মকর্তা, কুতুবদিয়া | [illegible] | [illegible] | [illegible] | [illegible] | [illegible] | [illegible] |

# সভার তারিখঃ ২১/০৬/২০২১; ২৫/০৮/২০২১; ৩০/০৯/২০২১; ২৮/১০/২০২১; ২৯/১১/২০২১; ২৮/১২/২০২১

মাসিক সভার হাজিরা রেজিষ্টার

| ক্রম | নাম ও পদবী | সভা: ২১/০৬/২১ | সভা: ২৫/০৮/২০২১ | সভা: ৩০/০৯/২০২১ | সভা: ২৮/১০/২০২১ | সভা: ২৯/১১/২০২১ | সভা: ২৮/১২/২০২১ |
|---|---|---|---|---|---|---|---|
| ১১ | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, কুতুবদিয়া | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] |
| ১২ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, কুতুবদিয়া | X | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] |
| ১৩ | উপজেলা সমবায় কর্মকর্তা কুতুবদিয়া | X | A | A | [signature] | A | [signature] |
| ১৪ | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, কুতুবদিয়া | X | A | A | A | [signature] | [signature] |
| ১৫ | উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য, কুতুবদিয়া | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] |
| ১৬ | উপজেলা [illegible] কর্মকর্তা উপকূলীয় বন বিভাগ, কুতুবদিয়া | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] |
| ১৭ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, কুতুবদিয়া | X | A | [signature] | A | A | [signature] |

মাসিক সভার হাজিরা রেজিষ্টার

| ক্রম | নাম ও পদবী | সভা: ২১/০৬/২১ | সভা: ২৫/০৮/২০২১ | সভা: ৩০/০৯/২০২১ | সভা: ২৮/১০/২০২১ | সভা: ২৯/১১/২০২১ | সভা: ২৮/১২/২০২১ |
|---|---|---|---|---|---|---|---|
| ০১ | সহকারী কমিশনার (ভূমি) কুতুবদিয়া | X | A | A | A | [signature] | |
| ০২ | আবাসিক প্রকৌশলী [illegible], কুতুবদিয়া | X | A | A | A | [signature] | A |
| ০৩ | উপ বিভাগীয় প্রকৌশলী [illegible] কুতুবদিয়া | [signature] | A | A | X | A | [signature] |
| ০৪ | উপজেলা [illegible] কুতুবদিয়া | X | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] |
| ০৫ | আনসার ও ভিডিপি কর্মকর্তা, কুতুবদিয়া | [signature] | [signature] | A | [signature] | A | [signature] |
| ০৬ | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, কুতুবদিয়া | X | A | A | A | [signature] | [signature] |
| ০৭ | ব্যবস্থাপক পল্লী সঞ্চয় ব্যাংক কুতুবদিয়া | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] |
| ০৮ | উপজেলা [illegible] কর্মকর্তা, কুতুবদিয়া | X | [signature] | X | A | [signature] | [signature] |
| ০৯ | ভারপ্রাপ্ত কর্মকর্তা [illegible] কুতুবদিয়া | [signature] | [signature] | [signature] | A | [signature] | [signature] |
| ১০ | সহকারী পরিচালক [illegible] কুতুবদিয়া | X | A | X | X | A | [signature] |
| ১১ | [illegible] উপজেলা [illegible] কুতুবদিয়া | X | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] |

মাসিক সভার হাজিরা রেজিষ্টার

| ক্রম | নাম ও পদবী | সভা: | সভা: ২৫/০৮/২০২১ | সভা: ৩০/০৯/২০২১ | সভা: ২৮/১০/২০২১ | সভা: ২৯/১১/২০২১ | সভা: ২৮/১২/২০২১ |
|---|---|---|---|---|---|---|---|
| ০১ | সভাপতি, [illegible] কুতুবদিয়া উপজেলা শাখা | A | [signature] | A | [signature] | [signature] | [signature] |
| ০২ | সাধারণ সম্পাদক, কেন্দ্রীয় [illegible] কুতুবদিয়া | A | A | A | | | |